



লেখকচার শীট-১

শ্রেণি:ষষ্ঠ

বিষয়:বাংলা ১ম পত্র

অধ্যায়: চিন্তাশীল (আনন্দপাঠ)

তারিখ:১৮/১০/২০

* কবি পরিচিতি:

রবীন্দ্রনাথ ঠাকুর

জন্ম	১৮৬১ খ্রিষ্টাব্দের ৭ই মে (২৫ শে বৈশাখ, ১২৬৮ বঙ্গাব্দ)
জেলা	কলকাতার জোঁড়াসাকো
পড়াশোনা	বাল্যকালে তাঁকে ওরিয়েন্টাল সেমেনারি ,নর্মাল স্কুল ,বেঙ্গল একাডেমি প্রভৃতি শিক্ষাপ্রতিষ্ঠানে লেখাপড়ার জন্য পাঠালেও তিনি বেশিদিন স্কুলের গণ্ডিতে আবদ্ধ থাকতে পারেন নি । সতেরো বছর বয়সে তাঁকে বিলেতে পাঠানো হয় ব্যারিস্টারি পড়ার জন্য । কিন্তু পড়াশোনা শেষ করার আগেই তিনি দেশে ফিরে আসেন ।

সাহিত্য সাধনা	কাব্য, ছোটগল্প, উপন্যাস, ভ্রমণকাহিনী, নাটক, প্রবন্ধ, গানসহ সাহিত্যের সব শাখাতেই তাঁর অবদান রয়েছে ।
উল্লেখযোগ্য গ্রন্থ	তাঁর অজস্র রচনার মধ্যে সোনার তরী, চিত্রা, বলাকা, ক্ষণিকা, গীতাঞ্জলী, ঘরে বাইরে, গোরা, শেষের কবিতা, বিসর্জন, রক্তকবরী, ও গল্পগুচ্ছ বিশেষ উল্লেখযোগ্য ।
পুরস্কার ও সম্মাননা	১৯১৩ সালে ‘গীতাঞ্জলী’ কাব্যের জন্য নোবেল পুরস্কার লাভ করেন ।
উপাধি ও বিশেষ পরিচিতি	বিশ্বকবি ও কবিগুরু
জীবনাবসান	১৯৪১ খ্রিষ্টাব্দের ৭ই আগস্ট(২২শ্রাবণ, ১৯৩৮ বঙ্গাব্দ)

পাঠ পরিচিতি:

এটি একটি হাস্যরসাত্মক নাটিকা । এ নাটিকায় নরহরি অকারণে বেশি চিন্তা করে বলে এ নাটিকার নাম চিন্তাশীল । নরহরি সবসময় চিন্তায় মগ্ন থাকে । তাই সে বাস্তব জগৎ থেকে দূরে সরে গেছে । এমনকি তার আশেপাশের মানুষদেরকেও বিব্রত করছে । প্রকৃতপক্ষে বেশি চিন্তা ও মঙ্গলজনক নয় ।

সম্পূর্ণ নাটিকাটি নিজেরা রিডিং পড়বে:

কবি পরিচিতি থেকে রবীন্দ্রনাথ সম্পর্কে ৫ টি বাক্যে অনুচ্ছেদ লিখবে ।

শিক্ষার্থীরা ২০ টি জ্ঞানমূলক প্রশ্ন তৈরি করবে কবি পরিচিতি ও পাঠ পরিচিতি থেকে ।

জ্ঞানমূলক প্রশ্নের উত্তর লিখবে:

- ১। চিন্তাশীল নাটিকার রচয়িতা কে?
- ২। বাছা শব্দের ধাতু কী?
- ৩। আর্য গৌরবের শাশান ক্ষেত্রকে নরহরি কী বলেছে?
- ৪। নরহরির মা কোথায় গিয়ে বাস করতে চেয়েছিলেন?
- ৫। ছেঁড়া চাদর, একমুখ দাঁড়ি কার ছিল?
- ৬। মাছির ভনভন শব্দ হয় কোথা থেকে?
- ৭। নরহরি কাকে আদর করতে চিন্তামগ্ন হয়েছিল?
- ৮। ছি নরু, তুই কী পাগল হলি?– উক্তিটি কে করেছেন?
- ৯। চিন্তাশীল কোন ধরনের রচনা?
- ১০। কে সারাক্ষণ চিন্তায় নিমগ্ন থাকে?

সাহানা পারভীন সুমি